যায়যায়দিন

তারিখ 12 AUG 2007
পৃষ্ঠা ৫ কলাম ২

# চট্টগ্রাম মহানগরীর মাধ্যমিক শিক্ষা উন্নয়নে ২৬ সুপারিশ টিআইবির

চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম মহানগরীর ১৫০টি মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীরা স্কুল টিচারদের কাছে প্রাইভেট পড়ার জন্য প্রতি মাসে গড়ে ৬৮৩ টাকা খরচ করে। ৫৪ শতাংশ শিক্ষার্থী মনে করেন স্কুল টিচারদের কাছে প্রাইভেট না পড়লে টিচাররা পরীক্ষায় নাম্বার কমিয়ে দেন। ৪৯ শতাংশের ধারণা, স্কুলের টিচারদের কাছে প্রাইভেট পড়লে পরীক্ষার প্রশ্ন পাওয়া যায়। টিআইবির সহযোগী সংগঠন সচেতন নাগরিক কমিটির চট্টগ্রাম মহানগর শাখার বছরব্যাপী এক রিপোর্ট কার্ড জরিপে মাধ্যমিক শিক্ষার এ করুণ চিত্র ফুটে উঠেছে। গতকাল শনিবার স্থানীয় প্রেস ক্লাবে এ রিপোর্ট প্রকাশ করা হয়। রিপোর্টে বলা হয় সরকারি, বেসরকারি ও সিটি কর্পরেশনের প্রতিটি স্কুলে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত বেতন ও বিভিন্ন ধরনের ফি আদায় করা হয়।

রিপোর্ট তৈরি করেন টিআইবির সহকারী গবেষণা ও তথ্য কর্মকর্তা সুবিনয় দত্ত। এটি পড়ে শোনান সচেতন নাগরিক কমিটি মেম্বার ডা. ওয়াহিদুল আলম। কমিটির মহানগর আহ্বায়ক বেগম মুশতারি শফির সভাপতিত্বে মতবিনিময় অনুষ্ঠানে নগরীর বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক ছাড়াও অংশ নেন ইঞ্জিনিয়ার দেলওয়ার হোসেন মজুমদার, উন্নয়ন কর্মী শ্যামলী মজুমদার, নারী নেত্রী জেসমিন সুলতানা পারু প্রমুখ।

রিপোর্টে মাধ্যমিক স্কুলগুলোর বেশকিছু অনিয়মের চিত্র তুলে ধরে এগুলো দূর করার জন্য ২৬টি সুপারিশ পেশ করা হয়। এসব সুপারিশের মধ্যে রয়েছে স্কুলের বিভিন্ন বিষয়ে শিক্ষা কর্মকর্তার কাছে অভিযোগ জানানোর সুযোগ সৃষ্টি করা, প্রতি মাসে মূল্যায়ন পরীক্ষার আয়োজন করে অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করা, স্কুল কর্তৃপক্ষ যাতে নিজেদের খেয়ালখুশি মতো বিভিন্ন ফি আদায় না করতে পারে সে জন্য বোর্ড থেকেই খাতওয়ারি ফি নির্ধারণ করে দেয়া, স্কুল পরিচালনা কমিটির বর্তমান কাঠামো পরিবর্তন করে সরাসরি নির্বাচনের মাধ্যমে দুই-তৃতীয়াংশ অভিভাবক প্রতিনিধি নির্বাচন করা, স্কুল কমিটির মেম্বার পদপ্রার্থীদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক নির্ধারণ করা, মাধ্যমিক শিক্ষার বিভিন্ন কার্যক্রম বিকেন্দ্রীকরণ এবং শিক্ষকদের বদলি, পদোন্নতি, অবসরগ্রহণকালীন বিভিন্ন তহবিল ও পেনশন প্রাপ্তির যাবতীয় কার্যক্রম জেলা শিক্ষা অফিসের ওপর ন্যস্ত করা ইত্যাদি।

জরিপে চট্টগ্রামের ৫০টি ওয়ার্ডের ২০৬টি মহল্লার মধ্যে ৫০টি মহল্লার পাচ হাজার পরিবারকে নমুনা হিসেবে নেয়া হয়। জরিপের আওতাধীন মহানগরীর ১৫০টি মাধ্যমিক স্কুলের মধ্যে নয়টি সরকারি, ১০০টি বেসরকারি এবং ৪১টি সিটি কর্পরেশন পরিচালিত।